

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলানগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	:	প্রকৌ. বুখসানা নাজমা ইছহাক ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি।
সভার তারিখ	:	২৫-০৫-২০২২
সভার সময়	:	বেলা ৩.৩০ ঘটিকা
স্থান	:	জিটিসিএল কনফারেন্স রুম
উপস্থিতি	:	সংলগ্নী-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) কোম্পানিতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকের (এপ্রিল-জুন, ২০২২) লক্ষ্যমাত্রা তুলে ধরেন। তিনি শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে বাস্তবায়িতব্য কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করেন।

বিস্তারিত আলোচনার পর সভাপতি নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট-কে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে অবশিষ্ট কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ২.১। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২২) এর অগ্রগতি ও বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।
- ২.২। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২২)-এর ক্রমিক-১.৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stake holders) অংশগ্রহণে সভা আগামী ২৩-০৬-২০২২ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।
- ২.৩। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২২)-এর ক্রমিক-১.৩ এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১' এর আলোকে আগামী ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ২.৪। পরিকল্পনা ডিভিশন কর্তৃক প্রণীত চেক লিস্ট যথাযথভাবে অনুসরণপূর্বক ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২২)-এর ক্রমিক-৩.৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী 'উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং/পরিদর্শন' করতঃ আগামী ২৮-০৬-২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।
- ২.৫। কোম্পানির কাজে ব্যবহৃত প্রাধিকারভুক্ত এবং পরিবহন পুলের গাড়ীর জ্বালানির যথাযথ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের জন্য ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২২)-এর ক্রমিক-৩.৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রান্সপোর্ট কন্ট্রোল ডিপার্টমেন্ট কর্তৃক গাড়ীর জ্বালানি ব্যবহার যথার্থতা পরীক্ষাকরতঃ (লগবই পরীক্ষা) সংশ্লিষ্ট প্রতিবেদন আগামী ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ করবে।



=২=

২.৬। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

কার্যব্যবস্থায়ঃ

- সংশ্লিষ্ট ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান,....., জিটিসিএল।
-সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট,....., জিটিসিএল।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক

ও
সভাপতি, নৈতিকতা কমিটি।



বিভরণঃ

- ১। সকল ডিভিশন প্রধান , জিটিসিএল।
২। ফোকাল পয়েন্ট, এপিএ টিম/ইনোভেশন টিম/সিটিজেন চার্টার/তথ্য অধিকার আইন-----, জিটিসিএল।

অনুলিপিঃ

- ১। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল।— কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করবেন।
২। উপ-ব্যবস্থাপক (সমস্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
৩। অফিস কপি।